

একই স্বরক ও তারিখের প্রতিস্থাপিত



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/অ/৬৮/মাদারী/- বিদ্যালয় শাখার অন লাইনের স্বরক নং- ২৩০০১৪০

তারিখ: ০৫/০১/২০২৩

বিষয় : বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদান প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ২২/০১/২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন 'দত্তপাড়া তাহেরুন নেছা একাডেমী' এর ০১/০১/২০২৩ খ্রি. থেকে ৩১/১২/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় অস্থায়ীভাবে স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদ কালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

### শর্তসমূহ :

- ১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে;
- ৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না;
- ৪। ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- ৫। প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়া কৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৬। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
- ৭। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্চ খোলা যাবে না।
- ৮। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৯। বিজ্ঞানাগারের জন্য পৃথক ল্যাব তৈরী করে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি স্থাপন করে ব্যবহারিক কার্যক্রম চলমান রাখতে হবে।
- ১০। বিদ্যালয় পাঠাগারে, মুক্তিযুদ্ধ বিষয়ক ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ১১। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- ১২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ-

প্রাপক: প্রধান শিক্ষক।  
'দত্তপাড়া তাহেরুন নেছা একাডেমী'  
(EIN- 110834)  
পো:চর দত্তপাড়া, উপজেলা : শিবচর, জেলা: মাদারীপুর।

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd  
ফোন: ০২-৫৮৬১০০৬৯

মেমো নং-২৩০০১৪০

তারিখ: ০৫/০১/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
- ৬। সভাপতি, পরিচালনা কমিটি 'দত্তপাড়া তাহেরুন নেছা একাডেমী' শিবচর, জেলা: মাদারীপুর।
- ৭। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫/০১/২০২৩